

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আঞ্চলিক পরিচালকের কার্যালয়
কারিগরি শিক্ষা অধিদপ্তর
খুলনা বিভাগ, খুলনা-৯০০০।

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

ওয়েব সাইট : www.rdotekhulna.gov.bd
ই-মেইল: rdokhulna@gmail.com

স্মারক নং- আঞ্চঃ পরিঃ/খুঃ বিঃ/ ১৫৫০

তারিখ : ২২/১২/২০১৯ খ্রিঃ

বিষয় : কৈফিয়ত তলব প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আপনি জনাব মোঃ রবিউল ইসলাম, ট্রেড ইন্সট্রাক্টর (ফুড প্রসেসিং), শৈলকুপা পাইলট উচ্চ বালিকা বিদ্যালয়, শৈলকুপা, ঝিনাইদহ। আপনার বিরুদ্ধে নিম্নবর্ণিত অভিযোগ পাওয়া গেছেঃ

- ১। সঠিকভাবে ক্লাশ নেন না।
- ২। ক্লাশের ছাত্রীদেরকে শারিরিক ও মানসিকভাবে নির্যাতন করেন।
- ৩। প্রধান শিক্ষকের সকল প্রশাসনিক কাজে বাঁধা প্রদান করেন।
- ৪। প্রধান শিক্ষককে হত্যার হুমকি প্রদান, লাঞ্চিত করা, অফিসকক্ষে তালা দেয়া, স্কুলের হাজিরা খাতায় প্রধান শিক্ষকের জায়গায় জোর করে স্বাক্ষর করা, বিভিন্ন জায়গায় মিথ্যা ও বানোয়াট তথ্য প্রদান করে আরকলিপি প্রদান, মানববন্ধন করা, স্কুলের কোমলমতি ছাত্রীদের মিথ্যা কথা বলে রাস্তায় র্যালী ও মানববন্ধন করানো।
- ৫। স্কুলের মূল্যবান তথ্য পাচার করা।
- ৬। বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষককে সাথে করে প্রধান শিক্ষকের বিরুদ্ধে বিভিন্ন দপ্তরে মিথ্যা ও বানোয়াট অভিযোগ দাখিল করে প্রধান শিক্ষককে হেনস্থা ও হয়রানী করা।
- ৭। প্রধান শিক্ষকের (ভারপ্রাপ্ত) দায়িত্বে থাকাকালীন অফিসে সংরক্ষিত নিয়োগ সংক্রান্ত কাগজপত্র, বিভিন্ন সময়ের কারণ দর্শানোর কাগজপত্রও রেজুলেশনের কপি গায়েব করেছেন।

এমতাবস্থায় কেন আপনার বিরুদ্ধে বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের (শিক্ষক ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ১৯৯৬ এর বিধি-২৯, উপবিধি-১(খ) মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার ব্যাখ্যা আগামী ১০ (দশ) কার্যদিবসের মধ্যে আঞ্চলিক পরিচালক বরাবর লিখিতভাবে দাখিল করার জন্য নির্দেশ দেয়া হলো।

আপনি ব্যক্তিগতভাবে শুনানীর ইচ্ছা পোষণ করেন কিনা তাহাও উক্ত সময়ের মধ্যে লিখিতভাবে অত্র দপ্তরকে জানানোর জন্য অনুরোধ করা হলো।

স্বঃ—

(অনিমেশ পাল)
আঞ্চলিক পরিচালক (অঃ দাঃ)
কারিগরি শিক্ষা অধিদপ্তর,
খুলনা বিভাগ, খুলনা-৯০০০।

প্রাপকঃ মোঃ রবিউল ইসলাম,
ট্রেড ইন্সট্রাক্টর (ফুড প্রসেসিং),
শৈলকুপা পাইলট উচ্চ বালিকা বিদ্যালয়,
শৈলকুপা, ঝিনাইদহ।

তারিখ : ২২/১২/২০১৯ খ্রিঃ।

স্মারক নং- আঞ্চঃ পরিঃ/খুঃ বিঃ/ ১৫৫০(৬)

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। পরিচালক (পিআইডব্লিউ/ভোকেশনাল/পিআইইউ/পরিঃ ও উন্নঃ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। সহকারী পরিচালক (১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৩। জেলা শিক্ষা কর্মকর্তা, ঝিনাইদহ।
- ৪। সভাপতি, শৈলকুপা পাইলট উচ্চ বালিকা বিদ্যালয়, শৈলকুপা, ঝিনাইদহ।
- ৫। প্রধান শিক্ষক, শৈলকুপা পাইলট উচ্চ বালিকা বিদ্যালয়, শৈলকুপা, ঝিনাইদহ।
- ৬। সংরক্ষণ নথি।

(শেখ মুস্তাফিজুর রহমান)
আঞ্চলিক পরিদর্শক
কারিগরি শিক্ষা অধিদপ্তর,
খুলনা বিভাগ, খুলনা-৯০০০।

২২/১২/১৯